



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



নম্বর : ৪৬.০৪২.৪৭০০.০০০.১৪.০৮৪.১৫.১৮৯৬

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

বিষয় : ২০২২-২৩ অর্থবছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

- সূত্র : ১. খুলনা জেলা পরিষদের স্মারক জেপখ/এক-১/জি-০৩/২০২২-২০২৩/৩১৫ (যুক্ত), তারিখ: ২৪ আগষ্ট ২০২২;
২. স্থানীয় সরকার বিভাগের জেলা পরিষদ শাখার স্মারক ৪৬.০৪২.৪৭০০.০০০.১৪.০৮৪.১৫.১৮৯৪, তাং: ০৭ ডিসেম্বর ২০২২;
৩. স্থানীয় সরকার বিভাগের জেলা পরিষদ শাখার স্মারক ৪৬.০৪২.৪৭০০.০০০.১৪.০৮৪.১৫.১৮৯৫, তাং: ০৭ ডিসেম্বর ২০২২।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ১নং স্মারকে ২০২২-২৩ অর্থবছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১৪৩৬.৩১ লক্ষ (চৌদ্দ কোটি ছত্রিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪৯৬টি প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

২। প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক ৩৪৩ এ বর্ণিত প্রকল্পটি পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সূত্রস্থ ১ নং স্মারকে উপসচিব (জেলা পরিষদ), স্থানীয় সরকার বিভাগকে দায়িত্ব প্রদান করা হয়েছে। উল্লেখ্য, প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক ২৩৩, ৪০, ৪১ ও ৪৯১ এ বর্ণিত প্রকল্পসমূহের বাস্তবায়ন পদ্ধতি পরিবর্তন করা প্রয়োজন। ক্রমিক ৪(খ), ৪৪, ৬০, ৯২(ক), ২৭৩, ৩০৫(গ), ৩৭০, ৩৭১, ৩৭৪, ৪৩৭ এ প্রস্তাবিত ১০টি প্রকল্পসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন নম্বর এবং ক্রমিক ২১৯, ২২৩ ও ২২৬ এ বর্ণিত মোট ৩(তিন) টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় উল্লেখ করা হয়নি। এছাড়া, ক্রমিক ১৯৩, ৪০১-৪১৫, ৪১৭-৪১৮, ৪২৪-৪৩৩ এ বর্ণিত মোট ২৮টি প্রকল্পের ক্ষেত্রে একই প্রকল্পের পুনরাবৃত্তি করে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

৩। এমতাবস্থায়, উল্লিখিত ত্রুটিপূর্ণ ৪৬টি প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প পরিবর্তন/ বাস্তবায়ন পদ্ধতি সংশোধন/ রেজিস্ট্রেশন নম্বর (প্রমাণকসহ) ও প্রাক্কলিত ব্যয় উল্লেখপূর্বক পুনরায় প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পাশাপাশি, অবশিষ্ট ৪৫০টি প্রকল্প ১২৮৩.৮১ লক্ষ (বার কোটি তিরিশি লক্ষ একাশি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪২ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।


এস এম নজরুল ইসলাম
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা।

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।